

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ঢাকা

স্মারক নং- ৭৯৯ /২০২২ এসসি (এডি)

তারিখঃ ৯ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ  
২৩ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নিজ নিজ প্রতিষ্ঠানে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ, প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটি গঠন ও কমিটির কার্যক্রম সম্পর্কে অত্র কোর্টকে অবহিতকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ সুপ্রীম কোর্টে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ, প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটির মাননীয় সভাপতি বিচারপতি কৃষ্ণা দেবনাথ মহোদয়ের উপস্থিতিতে অনুষ্ঠিত কমিটির ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক জেলা জজ আদালত, মহানগর দায়রা জজ আদালত, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর ৫৯১৬/২০০৮ এ প্রদত্ত ১৪/০৫/২০০৯ খ্রি. তারিখের রায়ের (<http://www.supremecourt.gov.bd/resources/documents/276907 Writ Petition 5916 08.pdf>) আলোকে শুধুমাত্র নিজ নিজ প্রতিষ্ঠানে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ, প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ প্রদানের নিমিত্ত প্রত্যেক জজশীপ ও ম্যাজিস্ট্রেটসীতে এ সংক্রান্ত কমিটি গঠনপূর্বক অত্র পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ বদরুল আলম ভূঞা)

রেজিস্ট্রার, আপীল বিভাগ

ও

সদস্য, সুপ্রীম কোর্টে যৌন  
হয়রানি সংক্রান্ত অভিযোগ  
গ্রহণ, প্রাপ্ত অভিযোগ বিষয়ে  
অনুসন্ধান ও প্রয়োজনীয়  
সুপারিশ প্রদান সংক্রান্ত  
কমিটি।

বিজ্ঞ জেলা ও দায়রা জজ/ মহানগর  
দায়রা জজ (সকল)  
বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ  
মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। একান্ত সচিব, বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
- ০২। প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের নিমিত্ত)
- ০৩। ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা
- ০৪। অফিস কপি